

রূপগঞ্জ গণমনস্তাত্ত্বিক রোগ আরো ৪০ শিক্ষার্থী অসুস্থ স্কুল ছুটি ঘোষণা

রূপগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

নারায়ণগঞ্জের রূপগঞ্জের ভোলাব ইউনিয়নের আতলাপুর গণবাংলা উচ্চ বিদ্যালয়ের আরো ৪০ শিক্ষার্থী গতকাল বুধবার দুপুরে গণমনস্তাত্ত্বিক রোগে অসুস্থ হয়েছে। এর আগে গত মঙ্গলবার এ রোগে ২০ শিক্ষার্থী অসুস্থ হয়েছিল। টানা দুই দিন এ রোগে আক্রান্ত হওয়ার পর থেকে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে হতাশা ছড়িয়ে পড়েছে। ফলে স্কুল পূর্ন অনির্দিষ্টকালের জন্য বিদ্যালয়ে ছুটি ঘোষণা করেছে।

বিদ্যালয়ের পরিচালনা কমিটির সদস্য মনির হোসেন জানান, মঙ্গলবারের মতো বুধবার দুপুর ১২টার দিকে বুঠা করে শিক্ষার্থীরা একে একে অসুস্থ হয়ে পড়ে। একপর্যায়ে তারা অজ্ঞান হয়ে যায়। পরে শিক্ষক ও অভিভাবকরা এই শিক্ষার্থীদের স্থানীয় বিভিন্ন ক্লিনিকে পাঠান। বিদ্যালয়ের শিক্ষক, পরিচালনা কমিটি ও অভিভাবকদের অভিযোগ, দুই দিনের গণমনস্তাত্ত্বিক রোগে ৬০ শিক্ষার্থী আক্রান্ত হলেও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তারদের কোনো সহযোগিতা পাওয়া যায়নি। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আবু জাফর রাশেদ বলেন, স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত ডাক্তারদের ঘটনাস্থলে যেতে বলা হয়েছে। আমি নিজেও ঘটনাস্থল পরিদর্শনে যাব।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিক্যাল অফিসার (আরএমও) ডা. শৌলজার হোসেন বলেন, সহযোগিতা না পাওয়ার অভিযোগ সঠিক নয়। আমরা আক্রান্ত হওয়া প্রত্যেক শিক্ষার্থীর কাছে গিয়েছি। এখনো যশ্চি।

তিনি বলেন, হিষ্টিরিয়া বা ফেব্রিয়া রোগ থেকে আক্রান্তের এ ঘটনা হতে পারে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। তবে ভয়ের কিছু নেই। প্রাথমিক চিকিৎসা দেওয়ার পর ধীরে ধীরে সুস্থ হয়ে উঠবে আক্রান্তরা।